

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪১

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ দ্বীনে অটল থাকার হাদীসসমূহ

## আরবী

وعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللهِ عَلَيْ قَارِبُوا وَسَدِّدُوا وَاعْلَمُوا أَنَّهُ لَنْ يَنْجُوَ أَحَدٌ مِنْكُمْ بِعَمَلِهِ قَالُواْ: وَلا أَنْتَ يَا رَسُولَ الله ؟ قَالَ وَلاَ أَنا إِلاَّ أَنْ يَتَغَمَّدَنِيَ الله برَحمَةٍ مِنهُ وَفَضْلٍ رواه مسلم

## বাংলা

(২৪১) আবৃ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা (হে মুসলিমেরা!) (দ্বীনের ব্যাপারে) মিতাচারিতা অবলম্বন কর এবং সোজা হয়ে থাক। আর জেনে রাখ যে, তোমাদের মধ্যে কেউই স্বীয়কর্মের দ্বারা (পরকালে) পরিত্রাণ পাবে না। সাহাবীগণ বললেন, 'হে আল্লাহর রসূল! আপনিও নন?' তিনি বললেন, আমিও নই। তবে আল্লাহ আমাকে তাঁর অনুগ্রহে ও দয়াতে ঢেকে রেখেছেন।

## ফুটনোট

\* উলামাগণ বলেন, 'ইস্কিকামাত' বা আল্লাহর দ্বীনে অটল থাকার অর্থ হলঃ সর্ব কাজে নিরবচ্ছিন্নভাবে তাঁর আনুগত্য করা। এটি একটি ব্যাপকার্থবাধেক শব্দ। এটি হল সকল কাজের জন্য এক সুন্দর নীতি। আর আল্লাহই তওফীকদাতা।

(মুসলিম ৭২৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন